MAR. 02 2000

দৈনিক ইত্তেফাক

পৃষ্ঠা ৪ কলাম ৫

# উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময়সূচী প্রসঙ্গে

পত্রিকান্তরে জানা যায়, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হইবে আগামী ২৭শে এপ্রিল হইতে এবং মাত্র ২০ দিনের মধ্যেই এই পরীক্ষা শেষ করা হইবে। কিন্তু বোর্ডের দৃষ্টি আকর্ষণ করিয়া বলিতে চাই উচ্চ মাধ্যমিক পরীক্ষা কোন শ্রেণী উত্তীর্ণের পরীক্ষা নয়। ইহা ছাত্র-ছাত্রীদের শিক্ষাজীবনের দিক নির্ধারণের শেষ অগ্নি পরীক্ষা। সারা বৎসর আমরা পড়াশোনা করিয়াছি কাঙ্ক্ষিত ফল লাভের আশায়। কিন্তু এই স্বল্প সময়ের মধ্যে পরীক্ষা শেষ করিবার সিদ্ধান্ত আমাদের জন্য যথেষ্ট কষ্টসাধ্য। পঠিত বিষয়গুলি ঝালাইয়া নিবার জন্যও তো কিছু সময়ের প্রয়োজন। এমতাবস্থায়, সুষ্ঠুভাবে পরীক্ষা দিবার প্রয়োজনে বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক বিভাগের প্রতিটি বিষয়ের পূর্বে অন্তত একদিন বিরতি দিয়া পরীক্ষার সময়সূচী পুনরায় প্রস্তুতের বিষয়টি বিবেচনার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সনির্বন্ধ আবেদন জানাইতেছি।

মুহা, ফখরুল আমীন
আইডিয়াল কলেজ,
ধানমণ্ডি, ঢাকা